

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক ও উপযোজন হিসাব অডিট অধিদপ্তর  
অডিট কমপ্লেক্স (২য় তলা)  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।



নং-৮১.১১.০০০০.০০১.৯৯.০৬০.২০.১১৩

তারিখ : ১৫/১২/২০২০ খ্রিঃ

বিষয় : ২০০৯-২০১০ সালের সাধারণ আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত আদেশটি পৃষ্ঠাংকনকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০/১৫/২৬ (কপি সংযুক্ত)

তারিখ : ১৪/০৬/২০২০ খ্রিঃ


২। আউহিঅঅ/প্রশা-১/সাধারণ আপত্তি নিষ্পত্তি/৬০/৮৯ (কপি সংযুক্ত)

তারিখ : ১৮/০৬/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ১ নং সূত্রে বর্ণিত নির্দেশনা মোতাবেক সিভিল অডিট অধিদপ্তরের সৃষ্টি কাল অর্থাৎ ১৯৮৩-৮৪ হতে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত অনিষ্পন্ন সকল সাধারণ আপত্তি নিষ্পত্তিকরণে মাননীয় কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে বর্ণিত সময়ের সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা বরাবর ২ নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে তার আওতাধীন অফিসসমূহকে অবহিত করার অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়।

২। উপরোক্ত পত্র প্রেরণের পরও সংশ্লিষ্ট অর্থবছরের সাধারণ আপত্তি নিষ্পত্তির অনুরোধ/সুপারিশ সম্মিলিত ব্রডশীট জবাব ও ব্যক্তিগত আবেদন বিভিন্ন উপজেলা হিসাব রক্ষণ অফিস, জেলা একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিস, ডিসিএ এবং সিএএফও থেকে প্রেরণ করা হচ্ছে যার ফলে অত্র কার্যালয়ের স্বাভাবিক কর্মপ্রক্রিয়া ব্যাহত হচ্ছে।

৩। এমতাবস্থায়, মাননীয় কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের নির্দেশনার আলোকে ১৯৮৩-৮৪ হতে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত ২ নং সূত্রে বর্ণিত পত্রটি পৃষ্ঠাংকন পূর্বক আওতাধীন অফিসসমূহকে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

  
(মোঃ আরিফুর রহমান)  
পরিচালক

ফোন : ৮৩৯২৬১৯

ই-মেইল : arif.grips@gmail.com

হিসাব মহানিয়ন্ত্রক  
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।


[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)]।

নং : ৮১.১১.০০০০.০০১.৯৯.০৬০.২০.১১৩

তারিখ : ১৫/১২/২০২০ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১৥ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল  
“অডিট ভবন”  
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ : উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর)]
- ০২৥ পিএটু মহাপরিচালক/পরিচালক
- ০৩৥ অফিস কপি।
- ০৪৥ গার্ড ফাইল।
- ০৫৥ সেন্ট্রাল ইস্যু কপি।

  
(সাখাওয়াত হোসেন মুখা)  
নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা  
প্রশাসন-০১ শাখা।